# সবচেয়ে মহৎ জীবন

## যীশুর জীবন, মৃত্যু এবং পুনুরুত্থান

ছোটদের যারা শিক্ষা দেন তাদের J1b অধ্যয়ন পাঠ করা উচিত।

**প্রার্থনা ঃ** ''স্বর্গের পিতা, তোমার মেষগণ ও আমাকে যীশু পৃথিবীতে যে সুন্দর জীবন অতিবাহিত করেছিলেন তা শিক্ষা করতে দাও, যাতে আমরা একত্রে, তিনি আমাদের জন্য যা কিছু করছিলেন তার জন্য তোমাকে ধন্যবাদ দিতে পারি।''

**১. সবচেয়ে মহান জীবন সম্বন্ধে শিক্ষা দিতে আপনার মন ও হৃদয়কে প্রস্তুত করুন।**

এমন ভাবে আপনার মেষপালকে যীশুর সুসমাচার সম্বন্ধে শিক্ষা দিন যাতে তারা অন্যদেরকেও তা শিক্ষা দিতে পারে।

এই পৃথিবীতে যীশুর আগমনের পূর্বে পুরাতন নিয়মের ভাববাদীরা যিহূদীদের দ্বারা অভিহিত মশীহ বা খ্রীষ্টের আগমনের বিষয়ে ৩০০টি ভবিষ্যৎ বাণী করেছিলেন।

প্রতিজ্ঞাত মশীহ (খ্রীষ্ট) যাঁর এই পৃথিবীতে আসার কথা ছিল, তাঁর সম্বন্ধে সাতজন ভাববাদী প্রত্যেকে কি বলেছিলেন তা অন্বেষণ করুন ঃ

ক) অব্রাহাম (আদি পুস্তক ২২ঃ১৮)

খ) মোশি (২ বিবরণ ১৮ঃ১৮-১৯)

গ) যিশাইয় (যিশাইয় ৫৩ঃ৭-৮)

ঘ) দায়ুদ (গীতসংহিতা ২ঃ৭)

ঙ) দায়ুদ (গীতসংহিতা ১৬ঃ৮-১১)

চ) নাথন (২ শমূয়েল ৭ঃ১৬)

ছ) যোহন বাপ্তাইজক - (লুক ৩ঃ১৫-১৭)

মশিহ যখন এই পৃথিবীতে এসে ছিলেন তখন অনেক সাক্ষী তিনি যা করেছিলেন তা প্রত্যক্ষ করেছিলেন এবং শুনেছিলেন এবং তাদের মধ্যে কয়েকজন ওই সমস্ত কিছুকে সেই বইতে লিপিবদ্ধ করেছিলেন, যাকে নতুন নিয়ম বলা হয়। যীশুর প্রেরিতরা তাঁর সম্বন্ধে সেই সমস্ত সাতটি বিষয়কে লিপিবদ্ধ করেছেন যা তারা সবথেকে গুরুত্বপূর্ণ বলে মনে করেছিলেন

ক) লোকদের জন্য তিনি যা করেছিলেন তার দ্বারা তিনি কে ছিলেন তা পৃথিবীতে থাকাকালীন দেখিয়েছিলেন। বাইবেলের এই অংশে অন্বেষণ করুন তিনি কি করেছিলেন

- অন্ধ মেষপালদের জন্য (মথি ৯ঃ২৭-৩১)
- ভূতগ্রস্ত একজন ব্যক্তির জন্য (মথি ৯ঃ৩২-৩৩)
- একটি শিশু যে মরে গেছিল (লুক ৮ঃ৪৯-৫৫)

খ) ীশু লোকদেরকে ঈশ্বরের পবিত্রতা সম্বন্ধে কিভাবে বিশ্বাস ধারণ করতে হয় এবং কিভাবে একটি পবিত্র ও আনন্দে পূর্ণ জীবন অতিবাহিত করা যায়। সে সম্বন্ধে শিক্ষা দিয়েছিলেন। সাধারণ বিষয়কে গল্পের মাধ্যমে ব্যবহার করে তিনি শিক্ষা দিয়েছিলেন, যেমন একজন বীজ বপক বীজ বপন করছেন। এই অংশে অন্বেষণ করুন

- যে ধরণের লোকদেরকে ঈশ্বর আশীর্বাদ করবেন। (মথি ৫ঃ১-১৬)
- যীশুর অনুগামীদের কেমন জীবন যাপন করা দরকার (যোহন ১৪ঃ১-১৭)
- পৃথিবীর ভবিষ্যত কেমন হবে। (মথি ২১ঃ৩১)

গ) তাঁর শত্রুরা যখন তাঁকে একটি কাঠের ক্রুশে পেরেক বিদ্ধ করেছিল তখন যীশু মৃত্যুবরণ করেছিলেন। এই অংশে অন্বেষণ করুনঃ



- কে যীশুকে হত্যা করতে চেয়েছিলেন? (লুক ২৩ঃ১২-২১)
- কি ভাবে যীশুর বিচার হয়েছিল? (লুক ২৩ঃ৩২-৩৪)
- কি ভাবে যীশুর মৃত্যু হয়েছিল? (লূক ২৩ঃ৪৪-৫৩)

ঘ) তিনদিন পর ঈশ্বর যীশুকে আবার জীবিত করেছিলেন।

- তাঁর মৃত্যুর আগে যেমন যীশু বলেছিলেন।(মার্ক ৯ঃ৩১-৩২)
- স্বর্গের দূতরা যা বলেছিলেন (মথি ২৮ঃ১-১০)
- পুনুরুত্থিত হবার পর যীশু যেমন বর্ণনা করেছিলেন।(প্রকাশিত বাক্য ১ঃ১৭-১৮)

ঙ) ারা তাঁকে জানত এবং তাঁর অনুগামী হয়েছিল এমন অনেক জনকে যীশু দর্শন দিয়েছিলেন।

- যীশু কিভাবে প্রমাণ করেছিলেন যে তিনি জীবিত (লূক ২৪ঃ৩৬-৪৩)
- যীশু কি বিষয়ে বলেছিলেন (প্রেরিত ১ঃ১-৩) (যে ''বিষয়ে বলেছিলেন'' ??? পরিষ্কার নয়)
- তিনি কার সম্মুখে আবির্ভুত হয়েছিলেন।(১ করিন্থীয় ১৫ঃ৩-৮)

চ) যারা তাঁর প্রতি ফিরে আসবে তাদের সবাইকে তিনি ক্ষমা করে দেবার প্রতিজ্ঞা করেছিলেন। পুণরুত্থিত খ্রীষ্ট কি বলেছিলেন তা এই পাঠ্যে অন্বেষণ করুন

- ক্ষমা প্রদান সম্পর্কে (লূক ২৪ঃ৪৪-৪৮)
- ঈশ্বরের পবিত্র আত্মা সম্পর্কে (প্রেরিত ১ঃ৪-৮)
- যীশুর অনুগামী হবার বিষয়ে (মথি ২৮ঃ১৬-২০)

ছ) যতদিন না তিনি ফিরে আসেন ততদিনের জন্য ঈশ্বর যীশুকে স্বর্গে তুলে নিয়েছিলেন।এই পাঠ্যে অন্বেষণ করুন।

- যীশুর ''অনুগামীদের'' দূতগণ কিবলেছিলেন (প্রেরিত১ঃ৯-১১)
- যীশু তাঁর শত্রুদের কিবলেছিলেন (মার্ক ১৪ঃ৬০-৬২)
- যারা অপরের সেবা করে তাদেরকে যীশু কি বলবেন (মথি ২৫ঃ৩১-৩৪)

**২. আসন্ন সপ্তাহের কার্যকলাপ সম্পর্কে আপনার সহকর্মীদের সাথেপরিকল্পনা করুন।**

- যদি আপনার সংস্কৃতি কলাকর্মকে সমাদৃত করে তবে একজন শিল্পীকে দিয়ে যীশু সম্পর্কিত সাতটি সত্য বিষয়ের ছবি অঙ্কন করান। যীশুর সম্পর্কে প্রধান বিষয়গুলি মুখস্থ বলা অনুশীলন করুন। তারপর লোকদেরকে তাদের গৃহে সে সমস্ত বলার জন্য যান। গল্প বলা কালীন ছবিগুলি দেখান।
- ছবি, কবিতা, গান ব্যবহার করার মাধ্যমে যীশুর গল্পকে কি ভাবে বলতে হয় তা শিক্ষা দেবার জন্য বিশ্বাসীদের নিয়ে অনুশীলন শিবিরের পরিকল্পনা করুন।

**৩. আগামী আরাধনার বিষয়ে সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

এমন কার্যকলাপ বেছে নিন যা স্থানীয় সংস্কৃতি ও বর্তমান প্রয়োজনের সাথে মানান সই হয়।

প্রথম অংশে যীশুর জীবনের ঘটনাগুলি যা আপনি অধ্যয়ন করেছেন তার মধ্যে এক বা একাধিক ঘটনাকে নাটককারে প্রস্তুত করুন।

প্রথম অংশে যীশু সম্বন্ধে যে একটি গুরুত্বপূর্ণ বিষয় শিখেছেন তা বলুন এবং তার উপর প্রশ্ন জিজ্ঞাসা করুন ও উপস্থিত মণ্ডলীকে তারা যা জানে তার উত্তর দিতে দিন। যখন তারা পারবে না তখন শুধুমাত্র স্মরণ করিয়ে দিন।

- ভাববাদীরা যীশুর বিষয়ে কি ভবিষ্যৎ বাণী করেছিলেন।
- লোকেদের জন্য যীশু কি করেছিলেন।
- আমাদের কেমন জীবন যাপন করা উচিত ও জগতের ভবিষ্যত সম্বন্ধে যীশু কি শিক্ষা দিয়েছিলেন।
- যীশু কিভাবে মৃত্যুবরণ করেছিলেন এবং পুণরুত্থিত হয়েছিলেন।
- মৃতদের মধ্যে থেকে পুনুরুত্থিত হবার পর যীশু কার কাছে আবির্ভূত হয়েছিলেন।
- সে সমস্ত বিশ্বাসীরা অনুতপ্ত হবে ও তাঁকে অনুসরণ করবে তাদের জন্য তিনি কি করবেন বলে প্রতিজ্ঞা করেছেন।
- কিভাবে যীশু এই পৃথিবী ত্যাগ করেছিলেন।

ছোটরা যে সমস্ত নাটক, কবিতা ও প্রশ্ন তৈরী করেছে তা তাদের উপস্থাপন করতে প্রশ্ন দিন।

প্রভুর ভোজের উপস্থাপনার জন্যে, ইব্রীয় ৭ঃ৭-১২ অংশ পাঠ করুন। ব্যাখ্যা করে বলুন যে যীশু তাঁর পিতার উপস্থিতিতে প্রবেশ করেছিলেন প্রাণীদের রক্ত নিয়ে নয়, যেমন ভাবে পুরাতন নিয়মের মহাযাজকেরা মহা পবিত্র স্থানে প্রবেশ করতেন। কিন্তু নিজ রক্ত নিয়ে। আপনি প্রথম অংশে যা অধ্যয়ন করেছেন তার থেকে কিছু পদ পড়তে পারেন এবং যীশুর ক্রুশের উপর মৃত্যু এবং তাঁর দ্বিতীয় আগমনের বিষয়ে বলতে পারেন।

**ইব্রীয় ১ঃ১-২ একত্রে মুখস্থ করুন।**

মণ্ডলীকে ছোট ছোট দলে ভাগ করুন যাতে তারা একে অপরের জন্য প্রার্থনা করতে পারে, এবং ঈশ্বর কাছে যাচ্ঞা করুন তিনি যেন তাদের আত্মীয়, বন্ধু বান্ধব ও সমস্ত লোকেদের কাছে যীশুর কাহিনীকে নিয়ে যান।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net